ছেলে হোক, মেয়ে হোক,
দু টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
বাগেরহাট

E-mail: ddfpbagerhat@gmail.com

স্মারক নং- জেপপ/বাগের/২০২১/৪৮০

তারিখ: ২১ আশ্বিন, ১৪২৮ / ০৬ অক্টোবর, ২০২১

নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন বাগেরহাট জেলার আওতাধীন নিম্নবর্ণিত রাজস্বখাত ভুক্ত শূন্য পদ পূরণের নিমিত্ত পদের পাশে উল্লিখিত সংশ্লিষ্ট জেলা/উপজেলা/ইউনিয়ন/পৌরসভা/ইউনিট/ওয়ার্ডের স্থানীয় নাগরিকদের নিকট হতে শর্তসাপেক্ষে নির্ধারিত ছকে অনলাইনে আবেদন পত্র আহবান করা যাচ্ছে:

ক্রম.	পদের নাম ও বেতন গ্রেড (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)	পদের সংখ্যা	যে এলাকার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	পরিবার পরিকল্পনা সহকারী [গ্রেড-১৫, ৯৭০০-২৩৪৯০/-]	০২ (দুই) টি	বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ। তবে মাধ্যমিক বা উচ্চ মাধ্যমিক পরীক্ষায় যে কোন ১ টি তে ২য় বিভাগ/ ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।
২	পরিবার পরিকল্পনা পরিদর্শক [গ্রেড-১৬, ৯৩০০-২২৪৯০/-] (শুধুমাত্র পুরুষ প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	১১(এগার) টি	তালিকা-১ দ্রষ্টব্য	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ।
৩	পরিবার কল্যাণ সহকারী [গ্রেড-১৭, ৯০০০-২১৮০০/-] (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	৭৩ (তিয়াত্তর) টি	তালিকা-২ দ্রষ্টব্য	কোন স্বীকৃতবোর্ড হতে মাধ্যমিক বা সমমান পরীক্ষায় পাশ।
৪	আয়া [গ্রেড-২০, ৮২৫০-২০০১০/-] (শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন)	০৫ (পাঁচ)টি	বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা	৮ম শ্রেণি/সমমান পাশ।

তালিকা-১(পদের নাম: পরিবার পরিকল্পনা পরিদর্শক)

উপজেলার নাম ও পদসংখ্যা	শূন্য ইউনিয়নের নাম
ফকিরহাট (FAKIRHAT)- ২ (দুই) টি	লখপুর (LAKHPUR)
	মুলঘর (MULGHAR)
মোল্লাহাট (MOLLAHAT)- ২ (দুই) টি	চুনখোলা (CHUNKHOLA)
	কুলিয়া (KULIA)
কচুয়া (KACHUA)-৩ (তিন) টি	মঘিয়া (MOGHIA)
	বাধাল (BADHAL)
	গোপালপুর (GOPALPUR)
মোড়েলগঞ্জ (MORRELGONJ)-১ (এক) টি	মোড়েলগঞ্জ (MORRELGONJ)
রামপাল (RAMPAL) - ১ (এক)টি	পেড়িখালী (PERIKHALI)
মোংলা (MONGLA)- ২ (দুই) টি	সুন্দরবন (SUNDARBAN)
	বুড়িরডাংগা (BURIRDANGA)

তালিকা-২(পদের নাম: পরিবার কল্যাণ সহকারী)

উপজেলার নাম ও পদসংখ্যা	ইউনিয়নের নাম	শূন্য ইউনিটের/ ওয়ার্ডের নাম	যে যে গ্রাম/মহল্লা/এলাকা নিয়ে গঠিত
বাগেরহাট সদর (BAGERHAT SADAR) -০৯ (নয়) টি	কাড়াপাড়া (KARAPARA)-২ (দুই) টি	১/ক [1/KA]	নোনাডাংগা, দরিতালুক, বাগমারা (রনজিত সেন এর বাড়ি হতে আজহার শেখ এর বাড়ি)
		২/খ [2/KHA]	কাঠাল, কৃষ্ণনগর, দেওয়ানবাটি, শিংড়াই, ফুলতলা, বাদেকাড়াপাড়া (সিদ্দিক শেখ এর বাড়ি হতে ইসলাম শেখ এর বাড়ি), গোমতী
	বেমরতা (BEMORTA)-১ (এক) টি	২/গ [2/GA]	চরগ্রাম, ভদ্রপাড়া, বৈটপুর (মনিরুল ইসলাম এর বাড়ি হতে ফিরোজ শেখ এর বাড়ি),
	গোটাপাড়া (GOTAPARA)-১ (এক) টি	২/ ক [2 /KA]	আতাইকাঠী, দেপাড়া (খেলাফত শেখ এর বাড়ি হতে রেজাউল পাইক এর বাড়ি), পারনোয়াপাড়া
	বিষ্ণুপুর (BISNUPUR)-১ (এক) টি	২/ খ [2 /KHA]	বড় সিংগা, কোড়ামাড়া, পার-কোড়ামারা
	যাত্রাপুর (JATRAPUR)-১ (এক)) টি	২/ক [2/KA]	মশিদপুর, কোমরপুর, বেনেগাতী, কাইটপাড়া
	ষাটগম্বুজ (SHATGUMBUJ)-১ (এক) টি	৩/ক [3/KA]	রণভূমি, শ্রীঘাট, ফুলবাড়ী
	রাখালগাছি (RAKHALGACHI)-১ (এক) টি	১/ক [1/KA]	সুগন্ধি, ক্ষুদ্র চাকশ্রী
	ডেমা (DEMA) - ১ (এক) টি	২/ক [2/KA]	কাশিমপুর, বালিয়াডাংগা, পিসি ডেমা (আতিয়ার নকীব এর বাড়ি হতে পারুল বেগম এর বাড়ি)
ফকিরহাট (FAKIRHAT)-০৭(সাত)টি	বেতাগা (BETAGA)-২ (দুই) টি	১/খ [1/KHA]	চাকুলী আশ্রায়ন (ডালিম শেখের বাড়ি হতে ইউসুফ সেখের বাড়ি), চাকুলী পুর্বপাড়া (শহীদ ঢালীর বাড়ি হতে নামীর উদ্দিনের বাড়ি), ধনপোতা (শামীম শেখের বাড়ি হতে আলামিন সেখের বাড়ি)
		২ নং ওয়ার্ড [2 NO WARD]	চাকুলী পশ্চিমপাড়া (প্রকাশ দাশের বাড়ি হতে নরোত্তম মজুমদারের বাড়ি, বেতাগা (দিবাকর দাসের বাড়ি হতে জাহিদুল সেখের বাড়ি), জয়পুর বেতাগা (ইবাদ বিশ্বাসের বাড়ি হতেপিয়াস চক্রবর্তীর বাড়ি, নিকলেপুর (জামাল শিকারীর বাড়ি হতে লিটন দাশের বাড়ি), চাঁদেরঢোন পশ্চিমপাড়া (পঙ্কজ দাশের বাড়ি হতে সুকুমার শীলের বাড়ি), চটকাবাড়ী (সঞ্জয় দাশের বাড়ি হতে বিপ্লব চক্রবর্তীর বাড়ি)
	লখপুর (LAKHPUR)-১ (এক)টি	৩ নং ওয়ার্ড [3 NO WARD]	খড়িবুনিয়া (আলতাপ শেখের বাড়ি হতে ওহিদ সেখের বাড়ি), ভবনা (আকবর সেখের বাড়ি হতে তালেক সেখের বাড়ি), ভট্রকামার (সুধাংশু দাশের বাড়ি হতে সিদ্দিক মোল্লার বাড়ি)
	মুলঘর (MULGHAR)-২ (দুইটি	১/ক [1/KA]	সৈয়দ মহল্লা, মুলঘর, কাঠালিডাংগা, চরভৈরব, মোড়ল ডাঙ্গা (মতিয়ার রহমানের বাড়ি হতে মুখরঞ্জন এর বাড়ি)
		১/খ [1 /KHA]	সোনাখালী, রাজপাট
	বাহিরদিয়া (BAHIRDEA)-১ (এক)টি	২/ক [2/KA]	ছোট বাহিরদিয়া
	শুভদিয়া (SHUBHADEA)-১ (এক) টি	৩ নং ওয়ার্ড [3 NO WARD]	ছোট শুভদিয়া (মওদুদ শেখের বাড়ি হতে কনক মন্ডলের বাড়ি), বড় শুভদিয়া (মন্টু সানার বাড়ি হতে বিল্লাল শেখের বাড়ি)
মোল্লাহাট (MOLLAHAT) -৭(সাত)টি	উদয়পুর (UDAYPUR)-২ (দুই) টি	২/ক [2/KA]	আস্তাইল, চর আস্তাইল, পশ্চিম চরগোবরা, উদয়পুর উত্তরকান্দি, উদয়পুর খাড়াকান্দি, ঘোড়াদাইড়
		৩ নং ওয়ার্ড [3 NO WARD]	মেহেরপুর, মোল্লারকুল, রাজনগর, গোলারগাতি, বিলপার, বৈকাকি
	চুনখোলা (CHUNKHOLA)-১ (এক) টি	১/খ [1/KHA]	শাসন উত্তর পাড়া (নতুন ০২ নম্বর ওয়ার্ড)
	গাংনী (GANGNI)-২ (দুই) টি	১/ক [1/KA]	চরকান্দি, চরদারিয়ালা, দারিয়ালা
		৩ নং ওয়ার্ড [3 NO WARD]	মাতারচর, গাংনী, বুড়ীগাংনী
	গাওলা (GAOLA)-২ (দুই) টি	১/ক [1/KA]	দিগংগা, বারুইগাতি, সারুলিয়া
		৩/ক [3/KA]	চাদেরহাট, শুড়িগাতি, কাকডী
কচুয়া (KACHUA)-১৫ (পনের) টি	গজালিয়া (GAZALIA)-২ (দুই) টি	১/ক [1/KA]	গজালিয়া, সোনাকান্দর
		৩/ক [3/KA]	আলিপুর, উদানখালী, লড়ারকুল, কৃষ্ণপুর
	ধোপাখালী (DHOPAKHALI) ১ (এক) টি	৩/ক [3/KA]	ভাস্বা, ছিটাবাড়ী, বগা, শিরোখালী, শ্যানপুকুরিয়া, পিপলজুরী
	কচুয়া (KACHUA)-৪ (চার) টি	১/ক [1/KA]	বারুইখালী, গিমাটাকাঠী, হাজরাখালী
		২/ক [2/KA]	আড়িয়ামর্দন, কচুয়া, চরকচুয়া
		৩/ক [3/KA]	মধ্য টেংরাখালী (ফজর শিকদার এর বাড়ী হতে হাজরা বক্তিয়ার উদ্দিনের বাড়ি পর্যন্ত)
		৩/খ [3/KHA]	পশ্চিম টেংরাখালী (তুষার কান্তি বড়াল এর বাড়ি হতে সিরাজুল পাজীর বাড়ী পর্যন্ত)
	রাড়ীপাড়া (RARIPARA)-১ (এক) টি	১/ক [1/KA]	ধলনগর, শ্রীরামপুর, চন্দপাড়া, চরকাঠী
	বাধাল (BADHAL)-০৪ (চার) টি	১/ক [1/KA]	পানবাড়ীয়া, আবাদ ভাটখোলা, বিলকুল, সাংদিয়া, আফরা, খেজুলিয়া
		২/ক [2/KA]	যশোরদি, শাখারীকাঠী, কলমিবুনিয়া
		২/খ [2/KHA]	আঠারগাতী, কিসমত পিংগুরিয়া, পিংগুরিয়া, নজস্থিক, পিংগুরিয়া
		৩/খ [3/KHA]	বাধাল, মসনি, আলোকদিয়া, রঘুদত্তকাঠী
	গোপালপুর (GOPALPUR)-২ (দুই) টি	১/ক [1/KA]	দ: গোপালপুর, মধ্য গোপালপুর, ইজারা
		৩/ক [3/KA]	প্রতাপপুর, বক্তারকাঠী, বিষখালী
	মঘিয়া (MAGHIA)-১ (এক) টি	১/ক [1/KA]	কাঠালিয়া, চরকাঠালিয়া, ঘোনারহলা, খলিশাখালী, মঘিয়া
চিতলমারী (CHETALMARI) ০৭(সাত) টি	বড়বাড়িয়া (BAROBARIA)-২ (দুই) টি	১ নং ওয়ার্ড [1 NO WARD]	লক্ষীপুর (বাবুল শেখ এর বাড়ি হতে পশ্চিমে শাকিল শেখ এর বাড়ি), কালেনী (অপূর্ব রায় এর বাড়ি হতে পশ্চিমে প্রসেনজিত রায় এর বাড়ি), চিলেনী (প্রভাষ চন্দ্র রায় এর বাড়ি হতে পশ্চিমে সুজিত রায় এর বাড়ি), মাছুয়ারকুল (অবিনাশ সিকারী এর বাড়ি হতে দক্ষিনে সুশান্ত মন্ডল এর বাড়ি), খাগড়াবুনিয়া (সাইফুল শেখ এর বাড়ি হতে দক্ষিনে বিপ্লব মজুমদার এর বাড়ি), আড়ুয়া মাছুয়ারকুল (সুশান্ত সমাদ্দার এর বাড়ি হতে দক্ষিনে অনীত বাক্চী এর বাড়ি)
		২/ক [2/KA]	দলুয়াপুনী (শামিম হোসাইন মীর এর বাড়ি হতে পশ্চিমে মোঃ মাসুদ শেখ এর বাড়ি, ঘোলা (মোজাহিদ রহমান সিকদার এর বাড়ি হতে পশ্চিমে হাফেজ মোঃ নুরুল ইসলাম এর বাড়ি, হাড়িয়ারঘোপ (সঞ্জিত মাষ্টার এর বাড়ি হতে হিন্দুল মোল্লা এর বাড়ি পর্যন্ত)
	কলাতলা (KALATOLA)-২ (দুই) টি	১/ক [1/KA]	মচন্দপুর (কবির শেখ এর বাড়ি হতে উত্তরে রাম সাহা এর বাড়ি), কুনিয়া (হোসাইন শেখ এর বাড়ি হতে সৈয়দ খসরু এর বাড়ি), চরকুনিয়া (অপূর্ব রায় এর বাড়ি হতে পূর্বে ইউসুফ শেখ এর বাড়ি)
		৩/ক [3/KA]	আমবাড়ি (কিশোর মন্ডল এর বাড়ি হতে উত্তরে সোহেল শেখ এর বাড়ি), গুচ্ছগ্রাম (রফিকুল ইসলাম এর বাড়ি হতে দক্ষিনে ফাইজুল শেখ এর বাড়ি), দক্ষিন শৈলদাহ (আলি সরদার এর বাড়ি হতে উত্তরে রবিউল শেখ এর বাড়ি), শৈলদাহ (জসিম শেখ এর বাড়ি হতে উত্তরে জহিরুল শেখ বাড়ি)
	শিবপুর (SHIBPUR) ১ (এক) টি	২ নং ওয়ার্ড [2 NO WARD]	কলিগাতী (ইবরাহিম শেখ এর বাড়ি হতে উত্তরে আরমান শেখ এর বাড়ি)
	চিতলমারী (CHETALMARI)-১ (এক) টি	২/খ [2/KHA]	শ্রীরামপুর (সুদেব মন্ডল এর বাড়ি হতে অনির্বান মন্ডলের বাড়ি), কালশিরা, হুইয়ারকুল, বেল্লাবাড়ী, সোনাখালী
	চরবানিয়ারী (CHARBANIARY)-১ (এক) টি	১/খ [1/KHA]	চরবানিয়ারী পশ্চিমপাড়া (১ নং দম্পত্তি মহেশ বিশ্বাস হতে উত্তরের ১৬৬নং দম্পত্তি মাধব গাইন) বাওয়ালীপাড়া ১ নং দম্পত্তি কমলেশ বিশ্বাস হতে পশ্চিমে ৫০ নং দম্পত্তি বিভাষ ঢালী) চরবানিয়ারী উত্তরপাড়া (১ নং দম্পত্তি ভগীরথ ব্যাপারী হতে উত্তরে ২৬৮ নং দম্পত্তি পরিতোষ বিশ্বাস), চরবানিয়ারী পুর্ব পাড়া (১ নং দম্পত্তি রমেশ বিশ্বাস হতে পশ্চিম ৬৩ নং দম্পত্তি মনোজ বালা)
মোড়েলগঞ্জ (MORRELGONJ) ০৪ টি	তেলিগাতী (TALIGATI)-১ (এক) টি	২ নং ওয়ার্ড [2 NO WARD]	চুলিগাতী, খৌলতলী, মালমগাছা, চোমরা, চুচড়ামারী, ব্রাহ্মনকাঠি, বরনডাঙ্গা
	বহরবুনিয়া (BAHARBUNIA)-১ (এক) টি	২/ক [2/KA]	ছাপড়াখালী (নতুন ৩ নম্বর ওয়ার্ড) ও পশ্চিম বহরবুনিয়া (নতুন ৪ নম্বর ওয়ার্ড)
	নিশানবাড়িয়া (NISHANBARIA)-১ (এক) টি	২/ক [2/KA]	পুর্ব গুলিশাখালী (ফজলু ফকির এর বাড়ি হতে হক গাজী এর বাড়ি)
	খাউলিয়া (KHOULIA)-১ (এক) টি	৩/গ [3/GA]	মানিকজোড়, খেজুরবাড়ীয়া
শরণখোলা (SARANKHOLA) ০৫ টি	ধানসাগর (DHANSAGOR)-১(এক) টি	২/খ [2/KHA]	পূর্ব রাজাপুর (সালাম খান এর বাড়ি হতে গজেন রায় এর বাড়ি)
	খোন্তাকাটা (KHONTAKATA)-১(এক) টি	২/গ [2/GA]	খোন্তাকাটা (এনামুল হক গাজী এর বাড়ী হতে হরমুজ হাং এর বাড়ি), মধ্য খোন্তাকাটা (জয়নাল হাং এর বাড়ি হতে হামিদ হাং এর বাড়ি), দক্ষিণ খোন্তাকাটা (সবুর হাং এর বাড়ী হতে মোস্তফা মুন্সি এর বাড়ি)
	রায়েন্দা (RAYENDA)-১ (এক) টি	১/ক [1/KA]	মালিয়া রাজাপুর (মোঃ রুহুল আমিন তালুকদার এর বাড়ি হতে মোঃ শহিদুল গাজী এর বাড়ি), দক্ষিন রাজাপুর (আঃ সবুর রানা হাওলাদার এর বাড়ি হতে মোঃ ইসমাইল খান এর বাড়ি)
	সাউথখালী (SOUTHKHALI)-২ (দুই) টি	১/খ [1/KHA]	বকুলতলা (জব্বার ফরাজীর বাড়ি হতে বেল্লাল হাং এর বাড়ি) সোনাতলা (সুমন সরকারের বাড়ি হতেরারেক হাং এর বাড়ি)
		২/ক [2/KA]	রায়েন্দা (বারেক খলিফা এর বাড়ি হতে বাবুল মুন্সি এর বাড়ি), উত্তর সাউথখালী (রুহুল আমিন মুন্সি এর বাড়ি হতে লিটন হাং এর বাড়ি)
রামপাল (RAMPAL) ১৫ (পনের)টি	গৌরম্ভা (GOURAMBHA)-১ (এক) টি	২/ক [2/KA]	প্রসাদনগর, ভৈরবডাঙ্গা, বর্নি (নজরুল শেখ এর বাড়ি হতে ফিরোজ শেখের বাড়ি), কাপাসডাঙ্গা, কৈগরদাসকাটি
	উজলকুড় (UZALKUR)-৩ (তিন) টি	১/ক [1/KA]	সোনাতুনিয়া, দর্পনারায়নপুর, তুলসিরাবাদ, শিবনগর
		২/ক [2/KA]	চাঁদপুর, দাকোপা, মানিকনগর
		৩/খ [3/KHA]	গোবিন্দপুর, হোগলডাঙ্গা
	বাইনতলা (BAINTALA)-১ (এক) টি	৩/খ [3/KHA]	সগুনা, পিত্তে, তেলিখালী, বারইপাড়া (আতাহার শেখ এর বাড়ি হতে ডালিম শেখের বাড়ি)
	রামপাল সদর (RAMPAL SADAR)-৩ (তিন) টি	১/খ [1/KHA]	টেংরামারী, জয়নগর, পিপুলবুনিয়া, নন্দীরহলা, কাষ্ঠবাড়িয়া
		২/খ [2/KHA]	কিসমত-ঝনঝনিয়া, ঝনঝনিয়া (শেখ ওলিউর রহমান এর বাড়ি হতে শেখ মোঃ তাহিদুল ইসলামএর বাড়ি পর্যন্ত), মালিডাঙ্গা, বেতকাটা, ভাগা, হাতিরবেড়
		৩/ক [3/KA]	শ্রীফলতলা (মোঃ আব্দুল কালাম শেখ এর বাড়ি হতে লোকমান কাজী এর বাড়ি পর্যন্ত), ওড়াবুনিয়া, কীকড়াবুনিয়া, কামরাঙ্গা, রামপাল
	রাজনগর (RAJNAGAR)১ (এক) টি	১ নং ওয়ার্ড [1 NO WARD]	গোনাবেলাই, চকগোনা, শাপমারি, দুর্গাপুর
	পেড়িখালী (PERIKHALI)-২ (দুই) টি	১/খ [1/KHA]	সিকিরডাঙ্গা আশ্রায়ন ও আবাসন প্রকল্প, গুচ্ছগ্রাম
		৩ নং ওয়ার্ড [3 NO WARD]	বড়কাঠালী, কুমারখালি, ডাকরা
	ভোজপাতিয়া (VOJPATIA)-১ (এক) টি	৩ নং ওয়ার্ড [3 NO WARD]	চন্দ্রাখালী, বাঁশবাড়িয়া, মিরাখালি, চ্যাটার্জিখালি
	মল্লিকেরবেড় (MOLLIKERBER)-২ (দুই) টি	২ নং ওয়ার্ড [2 NO WARD]	সন্ন্যাসি, মাদারদিয়া
		৩/ক [3/KA]	বড় সন্ন্যাসি
	বাঁশতলী (BANSTALI)-১ (এক) টি	২ নং ওয়ার্ড [2 NO WARD]	পিলাতলা, সুন্দরপুর
মোংলা (MONGLA) ৪ (চার) টি	সোনাইলতলা (SONAILTALA)-২(দুই) টি	২ নং ওয়ার্ড [2 NO WARD]	আমড়াতলা, চাঁপড়া
		৩নং ওয়ার্ড [3 NO WARD]	জয়খা, উলুবুনিয়া
	মিঠাখালী (MITHAKHALI) ২ (দুই) টি	২/খ [2/KHA]	খোনকারের বেড় (রাজিব ঢালী এর বাড়ি হতে জালাল তালুকদারের এর বাড়ি), সাহেবের মেঠ
		৩/ক [3/KA]	ঠোটারডাঙ্গা, চৌরিডাঙ্গা, আন্ধারিয়া

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে :

(১) পরিবার পরিকল্পনা পরিদর্শক পদের আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটিকর্পোরেশনের ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান /পৌরসভারমেয়র/সিটিকর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(২) পরিবার কল্যাণ সহকারী পদের আবেদনকারীকে অবশ্যই শূন্য পদের বিপরীতে প্রদর্শিত সংশ্লিষ্ট ইউনিয়নের সংশ্লিষ্ট ইউনিট/ওয়ার্ডের আওতাভুক্ত গ্রাম/পাড়া/মহল্লার স্থায়ী বাসিন্দা হতে হবে। এজন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/সিটিকর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র ও স্থায়ী বাসিন্দার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অস্থায়ীভাবে বসবাসকারীগণ এই পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন না।

(৩) অনলাইনে আবেদন গ্রহণ শুরুর তারিখে যে সকল প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং ২৫ মার্চ ২০২০ তারিখে যাদের বয়স সর্বোচ্চ ৩০ বছর তাঁরা আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। তবে যে সকল বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ২৫ মার্চ ২০২০ তারিখে বয়স সর্বোচ্চ ৩২ বছর, তাঁরাও আবেদনের যোগ্য মর্মে বিবেচিত হবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(৪)সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে এবং অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৫)নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৬)নিয়োগ বিজ্ঞপ্তির ১ থেকে ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/-(একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] ৩ থেকে ৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] জমা দিতে হবে;

(৭)প্রার্থীর যোগ্যতা যাচাই : প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে অসামঞ্জস্য পাওয়া গেলে, ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থিতা পরীক্ষা চলকালীন অথবা পরবর্তীতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(৮) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে নিম্নোক্ত সনদ/কাগজপত্রের ফটোকপি গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক সত্যায়ন করে ১ (এক) সেট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সরাসরি/ডাকযোগে/কুরিয়ারে জমা দিতে হবে:

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);
(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/সিটিকর্পোরেশন এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটিকর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ পত্র;
(গ) মহিলা কোটা ব্যতিত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ পত্র;
(ঘ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এমর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌসভার মেয়র/পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদ (আবেদনকারীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্ক অবশ্য ইউল্লেখ করতে হবে);
(ঙ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকার ছায়ালিপি;
(চ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/গেজেটেড কর্মকর্তা (ন্যূনতম ৯ম গ্রেড) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্র;
(ছ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ;
(জ) Online এ পূরণকৃত আবেদন পত্রের কপি (Applicant's Copy);

(৯) মৌখিক পরীক্ষার সময় অনুচ্ছেদ-৮ এর নির্দেশনা মতে জমাকৃত সকল সনদ/কাগজপত্রের মুল কপি আবশ্যিক ভাবে প্রদর্শনের পাশাপাশি ১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিলকৃত সনদ/কাগজ পত্রের সাথে অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যের অসামঞ্জস্যতা পাওয়া গেলে প্রার্থীর প্রার্থীতা বাতিল হয়ে যাবে।

(১০)পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জেলা প্রশাসক, বাগেরহাট এর কার্যালয়ের নোটিশ বোর্ড এবং বাগেরহাট জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

(১১) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে যৌক্তিক/আইনগত কারণে নিয়োগ স্থগিত/বাতিল করতে পারবেন।

(১৩) নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৪) লিখিত/ব্যাবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে)/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৫) ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি জেলা প্রশাসকের কার্যালয়ের নোটিশ বোর্ড এবং জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

(ক) আগ্রহী প্রার্থীগণ http://dgfpbag.teletalk.com.bd ওয়েবসাইটে গিয়ে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
(i) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১১/১০/২০২১, সকাল ১০:০০ টা।
(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩১/১০/২০২১, বিকাল ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 300 Pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য 300 Pixel × প্রস্থ 80 Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

(গ) Online-এ পূরণকৃত আবেদনপত্রে প্রদত্ত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বে প্রদত্ত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে বা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে বা বিজ্ঞপ্তিতে চাওয়া যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ কোন তথ্য দাখিল করা হলে বা বিজ্ঞপ্তির নির্দেশনা লঙ্ঘন পূর্বক কোন আবেদন পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা নিয়োগের যে কোনো পর্যায়ে বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ফলাফল প্রকাশের পর নির্দেশিত সময়ের মধ্যে এক কপি এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:
Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথ ভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুল ভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download পূর্বক সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID দেওয়া থাকবে। উক্ত User ID ব্যবহার করে প্রার্থী যে কোন Teletalk Pre-paid Mobile নম্বরের মাধ্যমে নিম্নোক্ত ভাবে দুইটি SMS করে পরীক্ষার ফি বাবদ ১ থেকে ২ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ১১২/-(একশত বার) টাকা [পরীক্ষার ফি ১০০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ১২/- টাকা] ৩ থেকে ৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা [পরীক্ষার ফি ৫০/- এবং টেলিটকের সার্ভিস চার্জ ৬/- টাকা] অনধিক ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

SMS-এর মাধ্যমে পরীক্ষার ফি জমাদান প্রক্রিয়া:
প্রথম SMS: DGFPBAG<SPACE>User ID লিখে 16222 নম্বরে SEND করতে হবে। উদাহরণ: DGFPBAG ABCDEF
Reply: Applicant's Name, Tk. 112/56 will be charged as application fee, your PIN is 123456789. To pay fee Type DGFPBAG<Space<YES<Space<PIN and send to 16222
দ্বিতীয় SMS: DGFPBAG<Space>YES<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে। উদাহরণ: DGFPBAG YES 123456789
Reply: Congratulations Aplicant's Name, Payment completed successfully for DGFPBAG Recruitment Application for XXXXXXX. User ID is (ABCDEF) and PassWARD (xxxxxxxx).
বিশেষ ভাবে উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgfpbag.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Passward ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী কর্তৃক এই প্রবেশপত্রটি নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে।

(জ) শুধু মাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Passward পুনরুদ্ধার করতে পারবেন।
i) User ID জানা থাকলে: DGFPBAG<Space>HELP<Space>USER<Space>User ID লিখে 16222 নম্বরে Send করতে হবে।
উদাহরণ: DGFPBAG HELP USER ABCDEF
ii) PIN Number জানা থাকলে: DGFPBAG<Space>HELP<Space>PIN লিখে 16222 নম্বরে Send করতে হবে। উদাহরণ: DGFPBAG HELP PIN 123456789

(ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা যে কোন অপারেটরের ফোন থেকে ০১৫০০১২১১২১ নম্বরে কল করুন। এছাড়া vas.query@teletalk.com.bd ইমেইলে যোগাযোগ করা যাবে।
(ইমেইলের Subject এ DGFPBAG, xxxxxxxxxxxx (পদের নাম), Applicant'sUser ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

শেষ সময়ের জন্য অপেক্ষা না করে দ্রুত সময়ের মধ্যে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা হলো

০৬/১০/'২১
(বিকাশ কুমার দাস)
উপপরিচালক ও
সদস্য সচিব
জেলা পরিবার পরিকল্পনা নিয়োগ/বাছাই কমিটি
ফোন: ০৪৬৮-৬২২০২
ইমেইল: ddfpbagerhat@gmail.com

স-২৩০৫ (১৫×৮)